

তারিখ 19 DEC 1991

পৃষ্ঠা... ২ ... কলাম ৪ ...

বাংলার বারী

160

রাজশাহীতে ছাত্র সংঘর্ষ। আহত ৩

॥ নিজস্ব সংবাদদাতা ॥

রাজশাহী ১৮ ডিসেম্বর।-
রাজশাহী নিউ গভর্নমেন্ট জিও কলেজে
আজ দুপুরে ছাত্রদল ও ছাত্র মৈত্রীর
সাথে ছাত্রলীগ (আ-আ)'র এক সংঘর্ষে
ব্যাপক ধাওয়া পাল্টা ধাওয়া
বোমাবাজি ও কয়েক বাউণ্ড গুলী হয়।
এতে ৩ জন ছাত্রলীগ কর্মী আহত হয়।
শেষ পৃঃ ৭-এর কলামে

রাজশাহীতে ছাত্র

প্রথম পৃষ্ঠার পর
জানা গেছে, ছাত্রলীগ (আ-আ)
কলেজে ছাত্র ভর্তির অপেক্ষমান
তালিকায় ক্রমিক নম্বরের পাশেপ্রাপ্ত
নম্বর উল্লেখের দাবি করে কলেজ
কর্তৃপক্ষকে চাপ দিলে ছাত্রদল ও ছাত্র
মৈত্রীর কর্মীরা তাদের ওপর চড়াও
হয়। এতে সংঘর্ষ শুরু হয়। ঘটনার
প্রতিবাদে ছাত্রলীগ আগামীকাল থেকে
কলেজে লাগাতার ধর্মঘট আহবান
করেছে।